গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬
www.dpe.gov.bd

স্মারক নং: ৩৮.০১.০০০০.১৪৫.১৯.০০১.২৫-৭২৮ তারিখ: ২৪ বৈশাখ ১৪৩২ / ০৭ মে ২০২৫

**বিষয়: সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষকগণের আন্ত:বিভাগ অনলাইন বদলি।**

সূত্র: প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নম্বর: ৩৮.০০.০০০০.০০৮.০১৯.০০১.২৪.২৪১, তারিখ: ০৬ মে ২০২৫।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে ০৮ মে ২০২৫ তারিখ হতে সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষকগণের আন্ত:বিভাগ অনলাইন বদলি কার্যক্রম শুরু হবে। বর্ণিতাবস্থায় সহকারী শিক্ষকগণের আন্ত:বিভাগ অনলাইন বদলি কার্যক্রম নিম্নোক্ত সময়সূচি ও শর্তসমূহ প্রতিপালনপূর্বক চলমান থাকবে:

**সময়সূচি:**

(ক) ০৮/০৫/২০২৫ হতে ১০/০৫/২০২৫ তারিখ পর্যন্ত সহকারী শিক্ষকগণ অনলাইনে আবেদন করবেন;
(খ) ১১/০৫/২০২৫ তারিখ প্রধান শিক্ষক কর্তৃক সহকারী শিক্ষকের আবেদন যাচাই সম্পন্নকরণ;
(গ) ১২/০৫/২০২৫ হতে ১৩/০৫/২০২৫ তারিখ পর্যন্ত সহকারী উপজেলা/থানা প্রাথমিক শিক্ষা অফিসার কর্তৃক যাচাই সম্পন্নকরণ;
(ঘ) ১৪/০৫/২০২৫ হতে ১৫/০৫/২০২৫ তারিখ পর্যন্ত উপজেলা/থানা শিক্ষা প্রাথমিক শিক্ষা অফিসার কর্তৃক যাচাই ও অগ্রায়ন সম্পন্নকরণ;
(ঙ) ১৬/০৫/২০২৫ হতে ১৭/০৫/২০২৫ তারিখ পর্যন্ত জেলা প্রাথমিক শিক্ষা অফিসার কর্তৃক সহকারী শিক্ষকের আবেদন যাচাই ও অগ্রায়ন সম্পন্নকরণ;
(চ) ১৮/০৫/২০২৫ হতে ১৯/০৫/২০২৫ তারিখ পর্যন্ত বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা কর্তৃক সহকারী শিক্ষকের আবেদন যাচাই ও অগ্রায়ন সম্পন্নকরণ;
(ছ) ২০/০৫/২০২৫ তারিখ সিস্টেম কর্তৃক স্বয়ংক্রিয় মনোনয়ন;
(জ) ২১/০৫/২০২৫ হতে ২৩/০৫/২০২৫ তারিখ পর্যন্ত মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর কর্তৃক সহকারী শিক্ষকের আবেদন যাচাই ও অনুমোদন সম্পন্নকরণ।

০২। **শর্তসমূহ:**

ক) শিক্ষকগণ সর্বোচ্চ ৩টি বিদ্যালয় ক্রমানুসারে পছন্দ করবেন। তবে কোন শিক্ষকের একাধিক পছন্দ না থাকলে ০১(এক)টি বিদ্যালয় পছন্দ করতে পারবেন। আবেদনের পরিপ্রেক্ষিতে বদলির আদেশ জারি হলে তা বাতিল করার জন্য পরবর্তীতে কোন আবেদন গ্রহণযোগ্য হবে না।

খ) যাচাইকারী কর্মকর্তা প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় হতে ১০ অক্টোবর ২০২৩ তারিখে জারিকৃত সর্বশেষ "সমন্বিত অনলাইন বদলি নির্দেশিকা, ২০২৩" অনুযায়ী আবেদনকারীর আবেদন ও অন্যান্য কাগজপত্রাদি যাচাই করে অগ্রায়ন করবেন।

গ) যাচাইকারী কর্মকর্তা সতর্কতার সাথে যাচাই করবেন। যাচাইপূর্বক প্রেরণ করার পর পরবর্তীতে তা পুন:বিবেচনার আবেদন গ্রহণযোগ্য হবে না।

০৩। উল্লেখ্য, ইতোমধ্যে ২১৬টি উপজেলা/থানায় ১০% এর অধিক শিক্ষক অন্য উপজেলা থেকে বদলি হয়ে এসেছেন। সেক্ষেত্রে, উক্ত উপজেলাসমূহ আন্ত:বিভাগ বদলির আওতাবহির্ভূত থাকবে এবং অবশিষ্ট ২৭১ (দুইশত একাত্তর)টি উপজেলা/থানায় বদলি কার্যক্রম চলমান থাকবে।

০৪। এমতাবস্থায়, উল্লিখিত সময়সূচি অনুযায়ী সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষকগণের আন্ত:বিভাগ অনলাইন বদলির বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৭/৫/২০২৫
মাহফুজা খাতুন
সহকারী পরিচালক (পলিসি ও অপারেশন)

**বিতরণ:**

১। বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা (সকল)।
২। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল) [তিন পার্বত্য জেলা ব্যতীত]।
৩। উপজেলা/থানা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল)।
৪। সহকারী উপজেলা/থানা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল)।
৫। প্রধান শিক্ষক (সকল)।

**অনুলিপি:**

১. পরিচালক, আইএমডি, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।
২. উপদেষ্টার একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় (মাননীয় উপদেষ্টার সদয় অবগতির জন্য)।
৩. সচিবের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪. মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী (মহাপরিচালক মহোদয়ের অবগতির জন্য)।
৫. অতিরিক্ত মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের অবগতির জন্য)।
৬. অফিস কপি।

F:Monir 2025\Bangla_Forward pg. 60